গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০ (অংশ-০১)/ ১৩৩ | তারিখ: ২৮.০৫.২০২৫ খ্রি.

**বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় সুবিধাভোগীদের তালিকা Validation এবং 'নগদ' একাউন্ট ব্যতীত অন্যান্য মোবাইল ব্যাংকিং একাউন্টসমূহ 'নগদ'-এ রূপান্তরকরণ সংক্রান্ত।**

সূত্র: ক) এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০(অংশ-০১)/১২৬; তারিখ: ২২.০৫.২০২৫ খ্রি;
খ) এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০(অংশ-০১)/১২৩; তারিখ: ১৫.০৫.২০২৫ খ্রি;
গ) এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০(অংশ-০১)/১০৪; তারিখ: ২৮.০৪.২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ৬ষ্ঠ হতে ১২শ শ্রেণির উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে অনলাইন ব্যাংক (এজেন্ট ব্যাংকিংসহ) এবং 'নগদ' হিসাবধারী ব্যতীত অন্যান্য মোবাইল আর্থিক সেবা প্রদানকারী (বিকাশ, রকেট, উপায়, শিওরক্যাশ ও এম ক্যাশ) প্রতিষ্ঠানের সকল উপকারভোগীর মোবাইল ব্যাংকিং হিসাব নম্বর শিক্ষা প্রতিষ্ঠান পর্যায় হতে HSP-MIS সফটওয়্যারে 'নগদ' এ রূপান্তর এবং অভিভাবকের NID ভেরিফিকেশনের মাধ্যমে সুবিধাভোগীদের তালিকা Validation করার বিষয়ে ২৮/০৪/২০২৫ থেকে ২৯/০৫/২০২৫ তারিখ পর্যন্ত সময়সীমা নির্ধারণ করে মাঠ পর্যায়ে একাধিকবার পত্র প্রেরণ করা হয়।

০২। HSP-MIS সফটওয়্যারে বিদ্যমান উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে Validation এবং 'নগদ' এ রূপান্তর না হওয়া ১১,৬৭,২৩৮ (এগারো লক্ষ সাতষট্টি হাজার দুইশত আটত্রিশ) জন শিক্ষার্থীর মধ্যে এ পর্যন্ত ৮৫ (পঁচাশি) হাজার জন শিক্ষার্থীর অভিভাবকের NID ভেরিফিকেশনের মাধ্যমে Validation এবং রূপান্তর করা সম্ভব হয়েছে। যা কাঙ্খিত লক্ষ্যমাত্রার চেয়ে অনেক কম। সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় সুবিধাভোগীদের তালিকা Validation করার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ এবং অর্থ বিভাগের সিদ্ধান্ত রয়েছে। যে সকল শিক্ষার্থীর তথ্য অভিভাবকের NID দ্বারা Validation করা সম্ভব হবে না সে সকল শিক্ষার্থীদের ২০২৪-২৫ অর্থবছরে জুলাই-ডিসেম্বর/২০২৪ এবং জানুয়ারি-জুন/২০২৫ কিস্তির উপবৃত্তির অর্থ বিতরণ স্থগিত থাকবে।

০৩। HSP-MIS সফটওয়্যারে বিদ্যমান উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে অভিভাবকের NID ভেরিফিকেশনের মাধ্যমে Validation এবং 'নগদ' এ রূপান্তর না হওয়া শিক্ষার্থীদের সংখ্যা শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক তালিকা সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার ইমেইলে প্রেরণ করা হয়েছে।

০৪। প্রেরিত তালিকা অনুযায়ী আগামী ২৯/০৫/২০২৫ তারিখের মধ্যে 'নগদ' ব্যতীত অন্যান্য মোবাইল ব্যাংকিং হিসাবধারী উপকারভোগীর মোবাইল ব্যাংকিং হিসাব নম্বর 'নগদ' হিসেবে রূপান্তর এবং অভিভাবকের NID দ্বারা সুবিধাভোগীদের তালিকা Validation করার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ/কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

**সংযুক্তি: নির্দেশনাবলী- ০২ (পাতা)।**

২৮/০৫/২৫

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৫৫০০২০৭৩

**উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা**
সকল উপজেলা/থানা।

**সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। প্রোগ্রাম কো-অর্ডিনেটর (অতিরিক্ত সচিব), পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

## শিক্ষা প্রতিষ্ঠানের জন্য

নির্দেশনা-১

ক) www.pmeat.gov.bd ওয়েব সাইটে প্রবেশ করুন। এরপর মেনুবারের "ই-সেবা" বক্সে ক্লিক করে HSP-MIS (ষষ্ঠ-দ্বাদশ) অপশন সিলেক্ট করুন।

খ) অত:পর শিক্ষা প্রতিষ্ঠানের ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে HSP-MIS সফটওয়্যারে এ লগইন করুন।

**গ) মোবাইল ব্যাংকিং হিসাব (বিকাশ, নগদ, রকেট, শিওর ক্যাশ, এমক্যাশ) নম্বরধারী শিক্ষার্থীদের একাউন্টসমূহ 'নগদ' একাউন্টে রূপান্তর/আপডেট করার জন্য নিম্নরূপ প্রক্রিয়া অনুসরণ করুন:**

১ম ধাপ: HSP-MIS-এর ড্যাশবোর্ডে "উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী" অপশন-এ ক্লিক করুন।

২য় ধাপ: "মোবাইল ব্যাংক তথ্য আপডেট" অপশনে ক্লিক করে খুঁজুন বাটনে ক্লিক করুন (যেসকল সক্রিয় উপকারভোগী শিক্ষার্থীর তথ্য পাওয়া যাবে শুধুমাত্র সে সকল শিক্ষার্থীর তথ্য সংশোধন করতে হবে।)

৩য় ধাপ: "সম্পাদনা" বাটনে ক্লিক করুন।

৪র্থ ধাপ: শিক্ষার্থীর ব্যক্তিগত তথ্য -পৃষ্ঠায় শিক্ষার্থীর জন্মসনদ নম্বর যাচাই বাটনে ক্লিক করুন। পিতা ও মাতার NID নম্বর এন্ট্রি করে অনলাইনে যাচাই করুন।

৫ম ধাপ: অভিভাবক হিসাবে পিতা অথবা মাতা সিলেক্ট করুন। পিতা,মাতা ব্যতিত ভাই,বোন বা অন্যান্য অভিভাবক হিসাবে সিলেক্ট করলে তাঁর NID নম্বর Entry করে যাচাই করুন।

৬ষ্ঠ ধাপ: পেমেন্ট তথ্যে- মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী অপশনে ক্লিক করার পর "নগদ" সিলেক্ট করে হিসাবধারীর নাম ও হিসাব নম্বর সঠিকভাবে এন্ট্রি করে যাচাই করুন।

৭ম ধাপ: সর্বশেষ স্ক্রিনের উপরে ডানপাশে সংরক্ষণ বাটনে ক্লিক করুন।

বিশেষ দ্রষ্টব্য:

- HSP-MIS সফটওয়্যারে পিতাকে অভিভাবক হিসাবে নির্বাচন করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে রেজিস্ট্রেশন করা মোবাইল নম্বরে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে 'নগদ' একাউন্ট নম্বর খুলতে হবে এবং অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম এন্ট্রি করতে হবে।
- একইভাবে অভিভাবক হিসাবে মাতাকে নির্বাচন করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে রেজিস্ট্রেশন করা মোবাইল নম্বরে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে 'নগদ' একাউন্ট খুলতে হবে এবং অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে মাতার নাম এন্ট্রি করতে হবে।
- পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে (ভাই/বোন/অন্যান্য) অভিভাবক হিসাবে নির্বাচন করলে তাঁর জাতীয় পরিচয়পত্র ব্যবহার (NID) করে রেজিস্ট্রেশন করা মোবাইল নম্বরে তাঁর জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে 'নগদ' একাউন্ট খুলতে হবে এবং অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম এন্ট্রি করতে হবে।
- 'নগদ' একাউন্ট খোলার ২৪ ঘন্টা অতিবাহিত হওয়ার পর HSP-MIS সফটওয়্যারে শিক্ষার্থীদের তথ্য আপডেট করার ক্ষেত্রে একাউন্ট নম্বর যাচাই করার অনুরোধ করা হলো।